নবজাতক ও ডেঙ্গু রোগীদের পাশে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিনে মেহেরপুর জেনারেল হাসপাতালে শিশু ও ডেঙ্গু আক্রান্ত রোগীদের মাঝে খাবার ও পোশাক বিতরণ করেছে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ।

বৃহস্পতিবার ২৮ সেপ্টেম্বর দুপুরে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীদের উদ্যোগে ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের শিশু ওয়ার্ড বর্ণিল ভাবে সাজানো হয়।

অতঃপর শিশু ওয়ার্ডে নবজাতক ও চিকিৎসাধীন শিশুদের মধ্যে পোশাক এবং খাবার বিতরণ করে নেতাকর্মীরা হাসপাতালের ডেঙ্গু ওয়ার্ডে যেয়ে ডেঙ্গু আক্রান্ত রোগীদের খোঁজ খবর নেয় ও তাদের মধ্যে ফলমূল বিতরণ করে।

এসময় মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবহান, সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, সহ-সভাপতি সোয়েব রহমান, সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক সানোয়ার হোসেন সহ হাসপাতালের রোগী কল্যাণ সমিতির সদস্য রাহিনুজ্জামান পলেন উপস্থিত ছিলেন।